রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২৮, ২০০১

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই আষাঢ়, ১৪০৮ বাং/২৮শে জুন, ২০০১ ইং

এস, আর, ও নং ১৬৮-আইন/২০০১—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 (4)(b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার মৎস্য খামার, হাঁস-মুরগীর খামার, pelleted poultry feed উৎপাদন, বীজ উৎপাদন, স্থানীয়ভাবে উৎপাদিত বীজ বিপণন, গবাদী পশুর খামার, দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প (hoticulture), তুঁত গাছের চাষ, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক (mushroom) উৎপাদন খামার এবং ফুল ও লতাপাতার চাষ (floriculture) হইতে উদ্ভূত আয়কে উক্ত Ordinance এর অধীনে প্রদেয় কর হইতে ৩০শে জুন, ২০০৫ পর্যন্ত সময়কালের জন্য নিম্নরূপ শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

(ক) উল্লিখিত কর্মকান্ড হইতে উদ্ভূত করমুক্ত আয় ১,০০,০০০ (এক লক্ষ) টাকার অধিক হইলে উক্ত আয়ের ন্যূনতম শতকরা দশভাগ সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড বা সিকিউরিটিতে সংশ্লিষ্ট আয় বৎসর শেষ হইবার ৬ (ছয়) মাসের মধ্যে বিনিয়োগ করিতে হইবে ;

(খ) এই প্রজ্ঞাপনের অধীন প্রদেয় কর হইতে অব্যাহতিপ্রাপ্ত করদাতা অব্যাহতির সময়কালের সংগে সম্পৃক্ত প্রত্যেক আয় বৎসরের আয়কর রিটার্ণ সংশ্লিষ্ট Deputy Commissioner of Taxes এর নিকট দাখিল করিবেন ;

মূল্য ঃ টাকা ১.০০

S.R.O. No. 168/2001 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) উল্লিখিত কর্মকান্ড হইতে অর্জিত কর অব্যাহতি প্রাপ্ত আয়, অর্জনের ৫ (পাঁচ) বৎসরের মধ্যে স্থানান্তর করা যাইবে না ;

(ঘ) দফা (ক) হইতে (গ) তে উল্লিখিত শর্ত পালিত না হইলে আয়কর দাতা আয়কর অব্যাহতির সুবিধা প্রাপ্ত হইবেন না।

২। অত বিভাগের ১১ই মে, ২০০০ মোতাবেক ২৮শে বৈশাখ, ১৪০৭ বাংলা তারিখের এস, আর, ও নং ১২৭-আইন/২০০০ দ্বারা জারীকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ২০০১ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ফারুক আহমদ সিদ্দিকী
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

S.R.O. No. 168/2001 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com